

## মুয়াত্তা মালিক

হাদিস নম্বরঃ ২০৬

৩. নামায (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ১৫. দুই রাক'আত পড়ার পর ভুলবশত কেউ সালাম ফিরাইলে তাহার কি করা কর্তব্য

### بَاب مَا يَفْعَلُ مَنْ سَلَّمَ مِنْ رَكَعَتَيْنِ سَاهِيًا

আরবী

وَحَدَّثَنِي عَنْ مَالِكٍ، عَنْ ابْنِ شِهَابٍ، عَنْ أَبِي بَكْرٍ بْنِ سُلَيْمَانَ بْنِ أَبِي حَثْمَةَ، قَالَ بَلَغَنِي أَنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ رَكَعَ رَكَعَتَيْنِ مِنْ إِحْدَى صَلَاتَيِ النَّهَارِ - الظُّهْرِ أَوْ الْعَصْرِ - فَسَلَّمَ مِنْ اثْنَتَيْنِ فَقَالَ لَهُ ذُو الشِّمَالَيْنِ أَقْصَرْتَ الصَّلَاةَ يَا رَسُولَ اللَّهِ أَمْ نَسِيتَ فَقَالَ لَهُ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ " مَا قَصُرْتَ الصَّلَاةَ وَمَا نَسِيتُ " . فَقَالَ ذُو الشِّمَالَيْنِ قَدْ كَانَ بَعْضُ ذَلِكَ يَا رَسُولَ اللَّهِ . فَأَقْبَلَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ عَلَى النَّاسِ فَقَالَ " أَصَدَقَ ذُو الْيَدَيْنِ " . فَقَالُوا نَعَمْ يَا رَسُولَ اللَّهِ . فَأَتَمَّ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ مَا بَقِيَ مِنَ الصَّلَاةِ ثُمَّ سَلَّمَ

বাংলা

রেওয়ায়ত ৬০. আবু বকর ইবন সুলায়মান ইবন আবি হাসমা (রহঃ) হইতে বর্ণিত, তিনি বলিয়াছেনঃ আমার নিকট রেওয়ায়ত পৌছিয়াছে যে, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম দিনের কোন এক নামায- যোহর কিংবা আসরে দুই রাক'আত পড়িয়া সালাম ফিরাইলেন, তখন বনি যোহরা ইবন কিলাব গোত্রের যুশ-শিমালয়ান (রাঃ) নামক জনৈক সাহাবী বলিলেন, হে আল্লাহর রাসূল! নামায কি সংক্ষিপ্ত করা হইয়াছে, না আপনি ভুলিয়া গিয়াছেন? রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ফরমাইলেনঃ নামাযও সংক্ষিপ্ত করা হয় নাই, আমিও ভুলি নাই। যুশ-শিমালয়ান (রাঃ) পুনরায় বলিলেন, ইয়া রাসূলুল্লাহ! (অবশ্যই) কোন একটা হইয়াছে। অতঃপর রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম চেহারা মুবারক লোকের দিকে করিলেন এবং বলিলেনঃ যুশ-শিমালয়ান ঠিক বলিয়াছে কি? (উপস্থিত) লোকজন বলিলেনঃ হ্যাঁ। তারপর রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম অবশিষ্ট নামায পূর্ণ করিলেন। অতঃপর সালাম ফিরাইলেন।

## English

Yahya related to me from Malik from Ibn Shihab that Abu Bakr ibn Sulayman

ibn Abi Hathma said, "I have heard that the Messenger of Allah, may Allah bless him and grant him peace, prayed two rakas of one of the two day-ti me prayers, dhuhr or asr, and said the taslim after two rakas. Dhu'sh-Shamalayn said to him, 'Has the prayer been shortened, Messenger of Allah, or have you forgotten?' The Messenger of Allah, may Allah bless him and grant him peace, said, 'The prayer has not been shortened and I have not forgotten.' Dhu'shShamalayn said, 'It was certainly one of those, Messenger of Allah.' The Messenger of Allah, may Allah bless him and grant him peace, approached the people and said, 'Has Dh u'sh-Shamalayn spoken the truth?' They said, 'Yes, Messenger of Allah,' and the Messenger of Allah, may Allah bless him and grant him peace, completed what remained of the prayer, and then said, 'Peace be upon you.' "

### ফুটনোট

[যুল ইয়াদায়ন ও যুশ শিমালাইন একই ব্যক্তির দুইটি উপাধি।]

হাদিসের মান: তাহকীক অপেক্ষমাণ পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=73099>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন